

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়  
Chittagong Veterinary and Animal Sciences University (CVASU)

ভর্তি বিজ্ঞপ্তি  
শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮

নং-চভেএসবি/রেজি:/ভর্তি-৭৫(অংশ-১০)/২০১৭/১৭৭২

তারিখ: ১৭/০৯/২০১৭ খ্রি.

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে

১। ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ন্যূনতম যোগ্যতা :

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ২০১৪ অথবা ২০১৫ সালে এসএসসি/সমমান এবং ২০১৬ অথবা ২০১৭ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান গ্রুপ থেকে পাস করতে হবে (যে সকল প্রার্থী ২০১৪ সালের পূর্বে এসএসসি/সমমান এবং ২০১৬ সালের পূর্বে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে সকল প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না)।
- এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় সমষ্টিগতভাবে ন্যূনতম জিপিএ ৭.০ এবং আলাদাভাবে প্রত্যেকটিতে ন্যূনতম জিপিএ ৩.০ পেতে হবে।
- এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত (এসএসসি-এর ক্ষেত্রে সাধারণ গণিত) এবং জীববিদ্যা আলাদা বিষয় হিসেবে থাকতে হবে।
- এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত, জীববিদ্যা এবং ইংরেজি প্রতিটি বিষয়ে ন্যূনতম জিপি ২.০ থাকতে হবে।

২। অনুষদ ও আসন সম্পর্কিত বিবরণ :

| ক্রমিক নং | অনুষদের নাম *                    | ডিগ্রির নাম                                    | কোর্সের মেয়াদ | সাধারণ আসন সংখ্যা | সংরক্ষিত আসন সংখ্যা |          | মোট আসন সংখ্যা |
|-----------|----------------------------------|--|----------------|-------------------|---------------------|----------|----------------|
|           |                                  |  |                |                   | মুক্তিযোদ্ধা        | উপজাতীয় |                |
| ১         | ভেটেরিনারি মেডিসিন অনুষদ         | ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম)           | পাঁচ বছর       | ৯৪                | ০৩                  | ০৩       | ১০০            |
| ২         | ফুড সায়েন্স এন্ড টেকনোলজি অনুষদ | বি এসসি (সম্মান) ইন ফুড সায়েন্স এন্ড টেকনোলজি | চার বছর        | ৭৪                | ০৩                  | ০৩       | ৮০             |
| ৩         | ফিশারিজ অনুষদ                    | বি এসসি ইন ফিশারিজ (সম্মান)                    | চার বছর        | ৫৯                | ০৩                  | ০৩       | ৬৫             |
| মোট       |                                  |  |                | ২২৭               | ০৯                  | ০৯       | ২৪৫            |

\* তিনটি অনুষদের জন্য একটিমাত্র আবেদন করতে হবে এবং অনুষদের পছন্দক্রম নির্বাচনী পরীক্ষার সময় উত্তরপত্রের নির্ধারিত ঘরে উল্লেখ করতে হবে।

৩। ভর্তির জন্য চূড়ান্ত প্রার্থী নির্বাচন :

(ক) ভর্তির জন্য মূল্যায়নের মোট নম্বর : ২০০

(i) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফলের উপর ১০০ নম্বর

\* এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ = ৪০ নম্বর

\* এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ = ৬০ নম্বর

(ii) লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) ১০০ নম্বর

(খ) লিখিত পরীক্ষার সময় ১ (এক) ঘন্টা

(গ) লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর : পদার্থবিদ্যা-২০, রসায়নবিদ্যা-২০, গণিত-২০, জীববিদ্যা-৩০, ইংরেজি-১০।

৪। ভর্তির আবেদন গ্রহণ, ভর্তি পরীক্ষা, ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচি :

|    |                              |   |
|----|------------------------------|---|
| ১. | আবেদন করার সময়              | ০৪/১০/২০১৭ হতে ১৬/১১/২০১৭ পর্যন্ত   |
| ২. | ভর্তি পরীক্ষার তারিখ ও স্থান | ০২/১২/২০১৭ (সকাল ১১:০০ ঘটিকা, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস)   |
| ৩. | ফলাফল প্রকাশ                 | ০২/১২/২০১৭ [অপরাহ্ন ৬:০০ ঘটিকার পর<br>ফলাফল বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে] |
| ৪. | মেধা তালিকা হতে ভর্তি        | ১৮/১২/২০১৭ এবং ১৯/১২/২০১৭   |
| ৫. | অপেক্ষমান তালিকা হতে ভর্তি   | ২০/১২/২০১৭  |
| ৬. | ক্লাস শুরু সন্ধ্যা তারিখ     | ০১/০১/২০১৮  |

৫। SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া :

ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

খ) যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে CVASU <Space> এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <Space> এইচএসসি পরীক্ষার রোল নম্বর <Space> এইচএসসি পাশের সাল <Space> এসএসসি শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <Space> এসএসসি পরীক্ষার রোল নম্বর <Space> এসএসসি পাশের সাল <Space> যে মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক (বাংলা মাধ্যমের জন্য B অথবা ইংরেজী মাধ্যমের জন্য E) লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

উদাহরণ : CVASU<DHA>123456<2017>DHA<123456>2015<B

উদাহরণটি ঢাকা বোর্ডের এবং CVASU এর সকল অনুষদের জন্য। এখানে '১২৩৪৫৬' এবং DHA এর পরিবর্তে যথাক্রমে আবেদনকারীর নিজের এইচএসসি/সমমান এবং এসএসসি/সমমান পরীক্ষার রোল নম্বর এবং শিক্ষা বোর্ড দিতে হবে। কোন প্রার্থী ২০১৬ সালে এইচএসসি/সমমান পাশ করে থাকলে ২০১৭ এর পরিবর্তে ২০১৬ লিখতে হবে।

  চলমান (পাতা-২)

